গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯২৯৯
E-mail : ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৩.২০- ২৭১০

তারিখঃ ১০/০৬/২০২৬

অফিস আদেশ

মহামান্য সুপ্রীমকোর্ট এর হাইকোর্ট বিভাগে দাখিলকৃত রীট পিটিশন নম্বর-৪৫৮৫/২০১৬ ও আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নম্বর-২০/২০১৮ এর প্রদত্ত আদেশ এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, নন-গেজেটেড অধিশাখা এর স্মারক নং ৩৫.০০.০০০০.০৩০.২৭.০০১.১৭-১৭১ তাং ০৯/১২/২০১৯, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৫ এর নং ১০.০০.০০০০.১২৯.০৪.১৩২.১৮-০৩ তাং ০৮/০১/২০১৯ এর নির্দেশমতে এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ নন-গেজেটেড অধিশাখা এর স্মারক নং ৩৫.০০.০০০০.০৩০.৩১.০০৪.১৯-৯১ তাং ৩০/০৬/২০১৯ এর ধারাবাহিকতায় মামলায় পক্ষভুক্ত কর্মচারীদেরকে প্রথম যোগদানের তারিখ হতে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্ব খাতভূক্ত পদে ভূতাপেক্ষভাবে নিয়মিতকরণ করা হলো।

ক্রমিক নং	আর্জিতে বাদীর ক্রমিক নম্বর	নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, ও স্থায়ী ঠিকানা	পদবী	জন্ম তারিখ (খ্রিস্টাব্দ)	প্রথম যোগদানের তারিখ	ওয়ার্কচার্জড হিসেবে সর্বশেষ কর্মস্থল	পদায়নকৃত কর্মস্থল	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১.	৬৩	মোঃ সিদ্দিক মৃধা পিতাঃ মোঃ নাদের আলী মৃধা মাতাঃ নুরজাহান বেগম গ্রামঃ বামরাইল ডাকঘরঃ বামরাইল থানাঃ উজিরপুর জেলাঃ বরিশাল	গ্রীজার	১০-০৬-১৯৬৬	০১/০১/১৯৮২	সড়ক উপ-বিভাগ-১, বরিশাল।	৫৯ বছর অতিবাহিত হওয়ায় ফেরী সার্কেল, খুলনা সংযুক্ত করা হলো।	
২.	৬৫	মোঃ নান্নু মিয়া পিতাঃ আঃ মজিদ করনী মাতাঃ মনোয়ারা বেগম গ্রামঃ দশ কাউনিয়া ডাকঘরঃ ভারুকাঠী নারায়নপুর থানাঃ ঝালকাঠী জেলাঃ ঝালকাঠী	গ্রীজার	০১/০১/১৯৬৭	০১/০৬/১৯৮৬	সড়ক উপ-বিভাগ-১, বরিশাল।	৫৯ বছর অতিবাহিত হওয়ায় ফেরী সার্কেল, খুলনা সংযুক্ত করা হলো।	
৩.	৭৯	মোঃ শাহ্ আলম সরদার পিতাঃ মোঃ সহর আলী সরদার মাতাঃ আয়শা বেগম গ্রামঃ ব্রাহ্মনকাঠী ডাকঘরঃ সংগেতকাঠী থানাঃ বানড়ীপাড়া জেলাঃ বরিশাল	গ্রীজার	১০/০৪/১৯৬৭	০১/০৮/১৯৮৭	সড়ক উপ-বিভাগ-১, বরিশাল।	১৩-০৬-২০২৪ তারিখে মৃত্যুবরণ করায় ফেরী সার্কেল, খুলনা সংযুক্ত করা হলো।	

শর্তসমূহ:

১। ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে অত্র অধিদপ্তরে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কোন কর্মচারী এ প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবে না।

২। নিয়োগকৃত কর্মচারীর বেতন/ভাতাদি, পেনশন, আনুতোষিক এবং অন্যান্য সুবিধাদি সরকারী প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক দাখিলকৃত তথ্যাদি নির্ভুল প্রমাণিত না হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৪। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল পরিলক্ষিত হলে এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ হতে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরে চাকুরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

৫। চাকুরী হতে অবসর/অব্যাহতি গ্রহণের ক্ষেত্রে সরকারী প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৬। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৭। কর্মচারীর চাকুরীতে বয়স ৫৯ বছর অতিক্রান্ত করায় তার পেনশন প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত বেতন-ভাতা সমন্বয় করতে হবে।

৮। উক্ত কর্মচারীদের ০২(দুই) জন বয়স ৫৯ বছর অতিবাহিত হওয়ায় এবং ০১(এক) জন ১৩-০৬-২০২৪ তারিখে মৃত্যুবরণ করায় শুধুমাত্র তার পেনশন ও অন্যান্য সুবিধাদি জন্য রাজস্বখাতে নিয়মিতকরণ করা হলো।

৯। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।

১০/০৩/২৬
(সৈয়দ মঈনুল হাসান)
পরিচিতি নং-০০১০৪৮
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৩.২০- ২৭০/১(৪) তারিখঃ ১০/০৩/২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):-

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, সওজ সংস্থাপন-২ শাখা)
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(বিষয়টি মাননীয় মন্ত্রী মহোদয়ের গোচরীভূত করার জন্য অনুরোধ করা হলো)

10/03/26
(মোঃ জাহাংগীর আলম)
পরিচিতি নং-৬০১৯১৫
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৩.২০- ২৭০/২(১৫) তারিখঃ ১০/০৩/২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ...
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ/পরিচালক (তঃপ্রঃ, সওজ), ...
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (আদেশটি RHD Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ...
৭। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, সওজ, ...
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ...
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ...
১১। প্রধান সহকারী, প্রশাসন ও সংস্থাপন শাখা-২, প্রধান প্রকৌশলীর কার্যালয়, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। জনাব ....

10/03/26
(মোঃ জাহাংগীর আলম)
পরিচিতি নং-৬০১৯১৫
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন